

দুর্নীতি দমন কমিশন  
জেলা কার্যালয়  
দিনাজপুর

স্মারক নম্বর ০০.০১.২৭০০.৭৭৩.৯৯.০১৮.২৪. ৪৮৭

তারিখ: ১২/০৫/২০২৪ খ্রি:


প্রাপক : উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার  
বিরামপুর, দিনাজপুর।

বিষয় : দিনাজপুর জেলাধীন ১৩টি উপজেলার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মধ্যে রচনা ও বিতর্ক প্রতিযোগিতার আয়োজন সংক্রান্ত।

সূত্র: দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকার স্মারক নং: ০০.০১.০০০০.৩০৬.৬৩.০০৯ (অংশ-১).২২.৪৯৫০(৬০)  
তারিখ: ০৭/০২/২০২৪ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দুর্নীতি দমন কমিশনের বিশেষ কার্যক্রম ১২০০০৬৯০০ এর আওতাভুক্ত বরাদ্দকৃত অর্থ হতে গণসচেতনতা সৃষ্টি ও সততা চর্চায় শিক্ষার্থীদের উদ্বুদ্ধকরণের নিমিত্তে দিনাজপুর জেলাধীন ১৩টি উপজেলার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মধ্যে জেলা পর্যায়ে দুর্নীতি প্রতিরোধ বিষয়ক রচনা ও বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করার জন্য কমিশন কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়েছে। প্রতি উপজেলায় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয় হতে ৪টি বিতর্কিক দল নির্বাচন করে বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করা যেতে পারে। বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠানের ব্যয় দুর্নীতি দমন কমিশন, জেলা কার্যালয়, দিনাজপুর বহন করবে। আপনার আওতাধীন উপজেলায় দুর্নীতি প্রতিরোধ বিষয়ক রচনা ও বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠানের বিষয়ে আপনার উপস্থিতি ও সার্বিক সহযোগিতা কামনা করছি। এ বিষয়ে দুর্নীতি দমন কমিশন, জেলা কার্যালয়, দিনাজপুর ও উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি-কে সার্বিক সহযোগিতা করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হল।

বিষয়টি অতীব জরুরী।

  
(মুহাম্মদ মোয়াজ্জেম হোসেন)

উপপরিচালক

ফোন নং ০২৫৮৮৮১৭৭৭৭

dd.ido.dinajpur@acc.org.bd


তারিখ: ১২/০৫/২০২৪ খ্রি:

স্মারক নম্বর ০০.০১.২৭০০.৭৭৩.৯৯.০১৮.২৪. ৪৮৭/১(৪)

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হল:

- ১। পরিচালক, দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়, রংপুর।
- ২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর।
- ৩। জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর।

✓ অফিস নথি।

  
(মুহাম্মদ মোয়াজ্জেম হোসেন)

উপপরিচালক।

দুর্নীতি প্রতিরোধ বিষয়ক বিতর্ক প্রতিযোগিতার সম্ভাব্য বিতর্কের বিষয়াবলী:

০১. সমাজ থেকে দুর্নীতির মূল উৎপাতনে আইনের শাসনের বিকল্প নেই।
০২. সমাজ থেকে দুর্নীতি দমন ও প্রতিরোধের জন্য মূল্যবোধ শিক্ষার বিকল্প নেই।
০৩. দমন ও প্রতিরোধের জন্য রাজনৈতিক ইচ্ছা অপরিহার্য।
০৪. দুর্নীতি দমনের জন্য আইন ব্যবস্থার পাশাপাশি সামাজিক সচেতনতাও অপরিহার্য।
০৫. গণতন্ত্রের অগ্রযাত্রা অব্যাহতি রাখতে দুর্নীতি দমন ও প্রতিরোধ অপরিহার্য।
০৬. সমাজ থেকে দারিদ্র্য দূরীকরণে প্রধান হাতিয়ার দুর্নীতি দমন ও প্রতিরোধ।
০৭. জবাবদিহিমূলক সরকার ব্যবস্থায় পারে দুর্নীতি দমন ও প্রতিরোধ করতে।
০৮. মুক্তিযুদ্ধের চেতনাকে সম্মত রাখা ও বাস্তবায়নে দুর্নীতি দমন ও প্রতিরোধের বিকল্প নেই।
০৯. সামাজিক বৈষম্য দূরীকরণে দুর্নীতি দমন ও প্রতিরোধে অনস্বীকার্য।
১০. তথ্য প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহারই দুর্নীতি প্রতিরোধে মুখ্য ভূমিকা রাখতে পারে।
১১. তথ্য অধিকার আইন দুর্নীতি প্রতিরোধের সহায়ক ভূমিকা রাখতে পারে।
১২. দুর্নীতিই বাংলাদেশের মানুষের অর্থনৈতিক মুক্তির প্রধান অন্তরায়।
১৩. দুর্নীতি দমনে রাজনৈতিক ঝদিচ্ছাই মুখ্য ভূমিকা রাখতে পারে।
১৪. দুর্নীতি পরায়ণদের কঠোর শাস্তিই দুর্নীতি প্রতিরোধে ভূমিকা রাখতে পারে।
১৫. অভাব নয় সীমাহীন লোভই দুর্নীতির প্রধান কারণ।
১৬. দুর্নীতি মানুষের মজ্জাগত অভ্যাস নয়, পারিপার্শ্বিক অবস্থাই তাকে দুর্নীতিগ্রহ করে।
১৭. দুর্নীতির মাত্রা কমানো সম্ভব, সমূলে উৎপাতন অসম্ভব।
১৮. পক্ষপাতহীন কঠোর শাস্তি-দুর্নীতি দমন ও প্রতিরোধে একমাত্র উপায়।
১৯. গণতন্ত্রহীনতায় দেশে দুর্নীতির জন্ম দেয়।
২০. রাজনীতির ক্ষমতা লোভই দুর্নীতিকে উৎসাহিত করে।
২১. দুর্নীতির মূল কারণ হলো আইনের শাসনের অভাব।
২২. দেশের সার্বিক উন্নয়ন বাধগ্রহ হওয়া মূল কারণই দুর্নীতি।
২৩. বাংলাদেশ শিক্ষিত ও ধনীরাই দুর্নীতির সাথে জড়িত।
২৪. মূল্যবোধ ও দেশপ্রেমের অভাবেই দুর্নীতির বিস্তার ঘটে।
২৫. ধর্মীয় অনুশাসন না মানার মানসিকতা দুর্নীতি বিস্তারের প্রধান কারণ।
২৬. দারিদ্র্য ও অভাবই দুর্নীতিতে একজন সরকারি কর্মচারিকে প্রবৃত্ত করে।
২৭. কার্যকরভাবে দুর্নীতি দমনের জন্য কেবলমাত্র বড় বড় দুর্নীতির ঘটনার বিচার ও শাস্তির বিধায় নিশ্চিত করা আবশ্যিক।
২৮. দেশের বিভিন্ন মাধ্যমে শিক্ষা ব্যবস্থা দুর্নীতি ও অনিয়ম বিহুতিতে ভূমিকা রাখছে।
২৯. জনসচেতনতা বৃদ্ধি করা ব্যস্তীত দুর্নীতি নির্মূল করা কোনক্রমেই সম্ভব নয়।
৩০. পারিবারিক মূল্যবোধের অবক্ষয়-ই দুর্নীতির বিস্তারের মূল কারণ।
৩১. বিদ্যমান আইন কানুন সম্পর্কে জ্ঞানগণের অজ্ঞতা-ই দুর্নীতিবাজগণের অন্যতম হাতিয়ার।
৩২. বেসরকারি পর্যায়ে প্রাতিষ্ঠানিক ওচ্ছাচার চর্চাই দুর্নীতি দমনে মুখ্য ভূমিকা পালন করতে পারে।
৩৩. সরকারি নয় বরং বেসরকারি খাতেই দুর্নীতির বিস্তার বেশী।

১৩-  
১৫-